গণগ্রেফতার করেও আন্দোলন থামানো যাবে না: রাহুল গান্ধি

ভারতের বিরোধীদলীয় নেতা রাহুল গান্ধি। ছবি: সংগৃহীত

দিল্লিতে চলমান প্রতিবাদ দমনে পুলিশ দিয়ে হয়রানি বা গণগ্রেফতার চালিয়েও লাভ হবে না বলে হুঁশিয়ারি দিয়েছেন ভারতের বিরোধীদলীয় নেতা রাহুল গান্ধি। বিজেপিকে চাপে ফেলার মতো যথেষ্ট তথ্য তাঁর হাতে রয়েছে বলেও জানিয়েছেন তিনি। আন্দোলনরত তরুণদের পাশে থাকার কথাও বলেছেন কংগ্রেসের এই নেতা। শনিবার (১০ অক্টোবর) সামাজিক যোগাযোগমাধ্যমে প্রকাশিত এক ভিডিওবার্তায় এসব কথা বলেন রাহুল।

নরেন্দ্র মোদিকে উদ্দেশ করে তিনি বলেন, সরকার চাইলে ১০ হাজার, ২০ হাজার, এমনকি ৫০ হাজার পুলিশ মোতায়েন করে নেতা ও তরুণদের গ্রেপ্তার করতে পারে। তবে তাতে তাঁরা পিছু হটবেন না। ভারতের সংবিধান রক্ষায় আন্দোলন চালিয়ে যাওয়ার কথাও জানান তিনি।

রাহুল বলেন, এক দশকেরও বেশি সময় ধরে তিনি নরেন্দ্র মোদি ও আরএসএসের বিরুদ্ধে লড়ছেন। প্রতিপক্ষের কর্মকাণ্ড সম্পর্কে তাঁর ভালো ধারণা রয়েছে বলেও মন্তব্য করেন তিনি। এ সময় বিজেপি ও সংশ্লিষ্ট নেতাদের কাপুরুষ বলে সমালোচনা করেন রাহুল।

নরেন্দ্র মোদি, অমিত শাহ, মোহন ভাগবত, জ্ঞানেশ কুমার ও অজিত দোভালের নাম উল্লেখ করে তিনি বলেন, তাঁদের রাজনৈতিক পরিসর ধীরে ধীরে সংকুচিত হয়ে আসছে। বিরোধীরা সেই পরিসর আরও ছোট করে আনছে বলেও মন্তব্য করেন তিনি।